মুজিবনগরে বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে ওয়েব ফাউন্ডেশনের র্যালী ও আলোচনা সভা

“অদৃশ্যকে দৃশ্যমান করো” এই প্রতিপাদ্যের মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব টয়লেট দিবস। এই উপলক্ষে বুধবার সকাল ১১ টার দিকে উপজেলার বিশ্বনাথপুর গ্রামে আশার আলো সমিতির উদ্যোগে এবং water.org এর কারিগরি সহায়তায় এবং ওয়েব ফাউন্ডেশন

এক্সেস প্রকল্পের বাস্তবায়নে ও আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আশার আলো মহিলা সমিতির সদস্যদের নিয়ে একটি র্যালি বের করা হয়। র্যালিটি কয়েকটি রাস্তা প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে ওয়েব ফাউন্ডেশন এর ইউনিট ম্যানেজার (ভারপ্রাপ্ত) আশিক ইকবালের সভাপতিত্বে একটু আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মুজিবনগর উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন,
দৈনন্দিন জীবনে মানুষের মলমূত্রসহ বিভিন্ন ধরণের ময়লা আবর্জনার সুষ্ঠু ব্যবস্থাপনাই হলো স্যানিটেশন। বিশ্ব টয়লেট দিবস হল বিশ্বব্যাপী স্যানিটেশন সংকট মোকাবেলায় জাতিসংঘ কর্তৃক মনোনীত আন্তর্জাতিক ভাবে পালনের একটি দিন। এটি জাতিসংঘ, অনেক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং সেচ্ছাসেবকরা প্রতি বছর ১৯ নভেম্বর পালন করে থাকে। স্যানিটেশন সংকট মোকাবেলায় সচেতনতা বাড়ানো এবং পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্য এই দিবস পালন করা হয়ে থাকে।

অনিরাপদ স্যানিটেশন ব্যবস্থার কারণে মানব বর্জ্য নদী, খাল বিল পুকুরে এবং মাটিতে ছড়িয়ে পড়ছে এবং ভূগর্ভস্থ পানি সম্পদকে দূষিত করছে। ভূগর্ভস্থের পানি কীভাবে দূষিত হচ্ছে, তা আমাদের কাছে দৃশ্যমান নয়, এমনকি সমস্যাটিও অদৃশ্য। মাটির নিচে পানির দূষণ হচ্ছে- তা অদৃশ্য থাকার কারণে আমাদের সকলের কাছে সমস্যাটি গুরুত্ব পায় না, এমনকি আমাদের বেশিরভাগ মানুষই তা উপেক্ষা করে থাকে। ফলে পানি দূষণের মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দূষিত পানি ব্যবহারের কারণে দরিদ্র ও প্রান্তিক মানুষকে সবচেয়ে বেশি অসুখ

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান বিষয়ক কুইজের পুরস্কার বিতরণ

বিজ্ঞান ছাড়া মানুষের বাঁচার সুযোগ নেই বলে জানিয়েছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

তিনি বলেন, আমরা সকালে ঘুম থেকে উঠে আবার রাতে ঘুমাতে যাওয়া পর্যন্ত বিজ্ঞানের সাথে আছি। বিজ্ঞান আমাদের কাজকে সহজ করে দিয়েছে। দূরকে নিকটে এনে দিয়েছে। বিজ্ঞান ছাড়া এখন কোন কিছু চিন্তাই করা যায় না। বিজ্ঞান ছাড়া জীবন এখন অচল। মেধার সাথে বিজ্ঞানের সমন্বয় ঘটালে অসম্ভবকে উৎরানো সম্ভব।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান ক্লাব ও পাঠাগারের আয়োজনে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা-২০২২ এর পুরস্কার বিতরণ ও কৃতি সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

শিক্ষার্থীদের উদ্দেশে জেলা প্রশাসক বলেন, তোমরাই আগামী দিনের সোনার বাংলাদেশের রূপকার ও কারিগর। কারা পুরস্কার জিতলো আর কারা জিতলো না, সেটি বড় বিষয় নয়। এমন একটি জাতীয় পর্যায়ের প্রতিযোগিতা সব প্রতিযোগীকে ভেতর থেকে আলোকিত করবে। তোমরা যখন বড় হবে তখন তোমরাই দেশকে নেতৃত্ব দিয়ে সঠিক পথে এগিয়ে নেবে।

কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে
বিশেষ অতিথির বক্তব্যে জেলা শিক্ষা অফিসার রমজান আলী আকন্দ বলেন, ‘ ‘একটি জাতির অগ্রসরে প্রধান ভুমিকা রাখে শিক্ষা। আমাদের শিক্ষকদের বেতন বৃদ্ধি, বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন, আধুনিক প্রযুক্তি সম্বলিত কম্পিউটার ল্যাব ও বিজ্ঞানাগার এর মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মকে বিজ্ঞান মনস্ক করে গড়ে তুলতে হবে’’।

কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নাদিরা

খানমের সঞ্চালনায় এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মোহাঃ আনোয়ার হোসেন, সিনিয়র শিক্ষক সাইদুল ইসলাম, জাহাঙ্গীর সিদ্দিক, হাফেজ মোঃ রুহুল আমিন, মাহমুদুল হাসান, রেজাউল করিম, মাসুদ রানা, জ্যাকুলিন ইসলাম,আস্তারী বেগম, মধুসূদন দত্ত প্রমূখ।

বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় দুই গ্রুপে ২০ জনকে ক্রেস্ট, বই ও সার্টিফিকেট প্রদান করা হয়। একই সাথে অংশগ্রহণকারী দু্শজনের মাঝে প্রত্যেককে সার্টিফিকেট প্রদান করা হয়।

কোটচাঁদপুরে কিশোরদের সচেতনতা মূলক প্রশিক্ষণ ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ

উন্নত পল্লী উন্নত দেশ, বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ, এ প্রতিপাদ্যে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও প্রশক্ষনের সামগ্রী বিতরণ করা হয়েছে। সোমবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রীদের মাঝে এ সব দেয়া হয়।

দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(ইরেসপো) ২য় পর্যায় এ প্রশিক্ষণের আয়োজন করেন।

প্রশিক্ষনে সভাপতিত্ব করেন বিআরডিবি ঝিনাইদহের উপপরিচালক আরিফুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা খান মাসুম বিল্লাহ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা জহুরুল ইসলাম, উপজেলা কৃষকলীগের সহসভাপতি আনোয়ার হোসেন মুকুল।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কোটচাঁদপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা ও কোর্স পরিচালক সেলিম রেজা। এ ছাড়া উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ইউনুছ আলী,উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা ফারুক হোসেন,প্রগাম অফিসার জিয়াউল হক, কুশনা

ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম,সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা মোস্তাফিজুর রহমান, ইউডিও আবু মুনসুর,শেরখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আক্কাস উদ্দিন,প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদ।

পরে প্রশিক্ষন প্রদান সহ ছাত্রছাত্রীদের হাতে প্রশিক্ষন সামগ্রী তুলে দেয়া হয়। এ সামগ্রীর মধ্যে ছিল,স্যানেটারী প্যাড,খাতা,কলম।

জানা যায়, এ প্রকল্পের আওতায় কোটচাঁদপুরে দুইটি মাধ্যমিক বিদ্যালয় স্থান পেয়েছেন। যার মধ্যে ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয় ও শেরখালী মাধ্যমিক বিদ্যালয়। এর উদ্দেশ্য সম্পর্কে কোর্স পরিচালক বলেন,এ প্রকল্পের মাধ্যমে ছাত্রীদেরকে বাল্যবিবাহ,যৌন হয়রানি সহ বিভিন্ন বিষয়ে সচেতন করা হয়। এ ছাড়া ছাত্রীদেরকে এর মাধ্যমে সঞ্চয়ী হিসেবে গড়ে তোলার জন্য প্রশিক্ষিক করা হচ্ছে।

মুজিবনগরে ছাত্রীকে ইভটিজিং, অটোচালকের কারাদন্ড

স্কুল ছাত্রীকে ইভটিজিং এর অভিযোগে অটো চালক শফিকুল ইসলাম (২০) কে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। দন্ডিত শফিকুল ইসলাম মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের মৃতু বকুল হোসেনের ছেলে।

আজ সোমবার (২১ নভেম্বর) বেলা ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস চত্তরে এই ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়।

ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট অনিমেষ বিশ্বাস বলেন, ১৮৬০ সালের ৫০৯ দন্ডবিধিতে অপরাধ প্রমাণিত হওয়ায় অভিযুক্ত শফিকুল ইসলামকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে।

ইউএনও বলেন মুজিবনগর উপজেলার কয়েকজন ছাত্রী বাইসাইকেল চড়ে স্কুলে আসছিল। একজন ছাত্রী বাইসাইকেল থেকে পড়ে গেলে দন্ডিত

শফিকুল তাকে নিয়ে হাসাহাসি করেন। এসময় ওই ছাত্রী তার বিদ্রুপের প্রতিবাদ জানালে গলা টিপে ধরে মারধর করার চেষ্টা করে সে। পরে ওই ছাত্রীর স্কুলের প্রধান শিক্ষক ৯৯৯ কল দিলে পুলিশ তাকে আটক করে ভ্রাম্যমান আদালতে দেন। তার পারিবারিক অবস্থা বিবেচনা করে শফিকুলকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করে আদালতে প্রেরণের নির্দেশ দেওয়া হয়েছে।

মুজিবনগর থানার ভ্রারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, ৯৯৯ কল পেয়ে দন্ডিত শফিকুল ইসলামকে আটক করে ভ্রাম্যমান আদালতে নিলে তাকে ১৫ দিনের কারাদন্ড দেন আদালত। দন্ডিত শফিকুল ইসলামকে সোমবার (২১ নভেম্বর) বিকালের দিকে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

রাষ্ট্রপতির কাছ থেকে স্বর্ণপদক পেলেন মেহেরপুরের আবির

স্নাতকে (সম্মান) অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) স্বর্ণপদকে ভূষিত হয়েছেন মেহেরপুরের জাহিদুল ইসলাম আবির। গত শনিবার (১৯ নভেম্বর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তনে আনুষ্ঠানিকভাবে তাকে স্বর্ণপদক প্রদান করা হয়।

রাষ্ট্রপতি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদ তাকে স্বর্ণপদক পরিয়ে দেন। এ সময় নোবেল বিজয়ী ফরাসি অর্থনীতিবিদ ড. জ্যঁ তিরোল, বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভিসি (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. এ এসএম মাকসুদ কামাল, রেজিস্ট্রার প্রবীর কুমার সরকার এবং বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ উপস্থিত ছিলেন।

জাহিদুল ইসলাম আবির মেহেরপুর সদর উপজেলার মোঃ নকিম উদ্দীনের সন্তান এবং মেহেরপুর স্টুডেন্ট ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন

(গঊঝউঅ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার বর্তমান সভাপতি।

২০২০ সালের অনার্সে চারুকলা অনুষদভুক্ত সকল বিভাগের মধ্যে সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় “শিল্পী অধ্যাপক কাইয়ুম চৌধুরী স্মৃতি স্বর্ণপদক”এ মনোনীত হয়ে রাষ্ট্রপতির হাত থেকে স্বর্ণপদক গ্রহণ করেন।

আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ে ৩২ লাখ টাকার নিয়োগ বাণিজ্যে!

কম প্রচলিত পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ৪ টি পদে ৩২ লক্ষ টাকা বাণিজ্য করার অভিযোগ এনে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও স্থানীয় প্রশাসনের কাছে লিখিত অভিযোগ দিয়েছে মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামবাসী।

আশরাফপুর গ্রামের মৃত হাবিবুর রহমানের ছেলে খোকন আলী এই অভিযোগ দেন। লিখিত অভিযোগে আশরাফপুর গ্রামের ২০ জন বিশিষ্ট ব্যক্তি স্বাক্ষর করেন।

অভিযোগে তিনি লেখেন, মেহেরপুরে আসেনা এমন দুটি প্রচলিত পত্রিকাতে গোপনে বিজ্ঞাপন দিয়ে আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের কম্পিউটার অপারেটর পদে ১০ লাখ টাকা চুক্তিতে জিনারুল ইসলামকে, নৈশকালিন গার্ড পদে ৮ লাখ টাকা চুক্তিতে মো: হাসান আলীকে, পরিচ্ছনতা কর্মী পদে ৭ লাখ টাকা চুক্তিতে মোছা: আখি খাতুনকে ও এমএলএসএস/ দপ্তরী পদে ৭ লাখ টাকা চুক্তিতে ইমাদুল ইসলামকে নিয়োগ দেওয়ার পায়তারা চালাচ্ছেন।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি আমদহ ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম ও বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: তাহাজ উদ্দীন যৌথভাবে এই গোপন নিয়োগ বাণিজ্য করছেন বলে অভিযোগ করেন তিনি।

গ্রামবাসির পক্ষে অভিযোগকারী খোকন আলী আরো বলেন, ইতোপূর্বে প্রধান শিক্ষক মো: তাহাজ উদ্দীন বিদ্যালয়ের ফান্ডের অগ্রণী

ব্যাংকের শাখা থেকে ৪ লাখ তুলে আত্মসাৎ করেন। পরে বিষয়টি জানাজানি হলে ম্যানেজিং কমিটির সভাপতি বিষয়টি নিয়ে বসে প্রধান শিক্ষক তাহাজ উদ্দীনকে ৫০ হাজার টাকা জরিমানা করেন। বিদ্যালয় ৫০ হাজার টাকা পেলেও হদিস মেলেনি বাকি সাড়ে ৩ লাখ টাকা।

মেহেরপুরের একজন সাংবাদিকের কু পরামর্শেই অপ্রচলিত পত্রিকায় (পত্রিকা দুটি মেহেরপুরে আসেনা) ১০ হাজার টাকা নিয়ে বিজ্ঞাপন ছাপিয়েছে বলে অভিযোগ করেন তিনি।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আনারুল ইসলাম বলেন, টাকা নিয়োগ লোক নিয়োগ করার অভিযোগ এনে বিভিন্ন স্থানে লিখিত অভিযোগ দেওয়ার কারণে ওই নিয়োগ প্রক্রিয়া বন্ধ করে দিয়েছি। পরে আবারো বিজ্ঞাপন দিয়ে নিয়োগ প্রক্রিয়া শুরু করা হবে।

এ ব্যাপারে প্রধান শিক্ষক তাহাজ উদ্দীনের মোবাইল নম্বেও ফোন দিলে ফোন বন্ধ পাওয়া যায়।

এবার চাকুরী ও টাকা ফেরত পেতে বিদ্যালয়ের আয়ার আবেদন

জীবনের মূল্যবান সময় ২৬টি বছর চাকুরী করেও এমপিওভূক্ত কর্মচারী হতে পারেনি খাজিরন নেছা। তার শেষ সম্বল মাত্র ১০ কাঠা জমি ছিল, সেটিও বিক্রি করে ৫ লক্ষ টাকা দিতে হয়েছে প্রধান শিক্ষককে। বারবার আবেদন করেছেন। কিন্তু ছলে বলে আজকাল করে নিরাশ করেছেন প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ। অবেশেষে চাকুরী ও প্রধান শিক্ষককে দেওয়া ৬ লাখ টাকা ফিরে পেতে উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করেছেন দরিদ্র, অসহায় এই কর্মচারী।

মেহেরপুর সদর উপজেলার বর্শিবাড়ীয় মাধ্যমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেনীর কর্মচারী (আয়া) খাজিরুন নেছা গত (১৫ নভেম্বর) মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসারের কাছে এমন অভিযোগ এনে অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগে তিনি বলেছেন, বর্শিবাড়ীয় মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠাকালিন সময়ে ২০০২ সালে চতুর্খ শ্রেনীর কর্মচারী (আয়া) পদে আমি নিয়োগ পাই। কর্মজীবনে আমি নিষ্ঠার সাথে দায়ীত্ব পালন করে আসছি। আমার একমাত্র সম্বল ১০ কাঠা আবাদী জমি বিক্রি করে বিদ্যালয় প্রতিষ্ঠাকালীন ব্যায় বাবদ প্রদান করি। অথচ বিদ্যালয়ের বয়স ২০ বছর হয়ে গেলেও প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ নানা তালবাহানা করে আমার নিয়োগ নিশ্চিত করেনি।

বিদ্যালয়টি ২০১৯ সালে জাতীয়করণ (এমপিভূক্ত) হয়েছে। পরে আমি তাকে আবারো বললে আমাকে নিয়োগ বৈধ করার জন্য নানা অজুহাতে ১ লক্ষ টাকা হাতিয়ে নেন প্রধান শিক্ষক। কিন্তু আজ পর্যন্ত প্রধান শিক্ষক এখন পর্যন্ত আমাকে সরকারি ভাতাদী প্রাপ্তীর কোনো ব্যবস্থা করেনি।

আজকাল করে নানা তালবাহানা করে আমাকে ঘুরিয়ে নিয়ে বেড়াচ্ছে। আমি তার কাছ থেকে আমার দেওয়া ৬ লাখ টাকা ফেরৎ চাইলে দিতে অস্বীকৃতি জানান এবং অকথ্য ভাষায় গালিগাল করেন। তাই বিষয়টি মানবিক বিবেচনায় নিয়ে তার চাকুরী জাতীয়করণ করার ব্যবস্থা ও প্রদেয় টাকা ফেরত পাওয়ার জন্য হস্তক্ষেপ কামনা করেন এই অসহায় নারী।

উল্লেখ্য, প্রধান শিক্ষক আবুল কালাম আজাদের বিরুদ্ধে নারী কেলেংকারী, বিদ্যালয়ের অর্থ আত্মসাৎ, ছাত্র ছাত্রীর টিউশন ফিস আত্মসাৎসহ নানা অভিযোগ রয়েছে। বিভিন্ন সময়ে স্থানীয়রা তাকে বিদ্যালয় থেকে বের করে দেওয়াসহ লঞ্ছিত করার অভিযোগ রয়েছে। তার বিরুদ্ধে মেহেরপুর প্রতিদিনসহ স্থানীয় ও জাতীয় পত্রিকায় একাধিক সংবাদ প্রকাশিত হয়েছে।

ঝিনাইদহে দুইদিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা শুরু

ঝিনাইদহে দুইদিন ব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলার উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষ্যে ঝিনাইদহ জেলা প্রশাসন এর আয়োজনে শনিবার (১৯নভেম্বর) সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি

র্যালী বের করা হয়, র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। সেখানে বেলুন উড়িয়ে মেলার শুভ উদ্বোধন করেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

পরে জেলা প্রশাসক মনিরা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন খালেদা খানম এমপি। বিশেষ অতিথি হিসাবে পুলিশ সুপার আশিকুর রহমান বপিএম,পিপিএম (বার), স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ ইয়ারুল ইসলাম,অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) সেলিম রেজা। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রথীন্দ্র নাথ রায়সহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ শরিফুল হক। পরে মেলার বিভিন্ন স্টল ঘুরে দেখেন অতিথিরা। দুই দিন ব্যাপী এ মেলায় সরকারি-বেসরকারি দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানের ৭০ টি স্টল স্থান পেয়েছে। শিক্ষার্থীরা তাদের উদ্ভাবনী প্রকল্প মেলায় প্রদর্শণ করছে।

দামুড়হুদা স্কুল, মাদ্রাসা ও ক্লাবের সদস্যদের মাঝে খেলার সামগ্রী বিতরণ

দামুড়হুদা ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের এলজি এসপি তিন প্রকল্পের বরাদ্দ হইতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবের খেলার সামগ্রী বিতরণ করেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে সদর ইউনিয়ন পরিষদ চত্বরে এই খেলার সামগ্রী বিতরণ করা হয়।

জানা গেছে, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২০২২-২৩ অর্থবছরের এল জি এস পি প্রকল্পের বরাদ্দ হইতে কেশবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, পুরাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুশাঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়, উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, ফকির পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, দামুড়হুদা দশমী সরকারি

প্রাথমিক বিদ্যালয়, দামুড়হুদা সরকারী মডেল প্রাথমিক বিদ্যালয় দেউলী সরকারী প্রাথমিক বিদ্যালয়, দামড়হুদা পাইলট হাই স্কুল, মিত্তাহুল কুরআন হাফিজিয়া মাদ্রাসা, নুরানী হাফিজিয়া মাদ্রাসা, কেশবপুর উজ্জ্বল ক্লাব ও খা-পাড়া স্টার ক্লাবের সদস্যদের মাঝে ফুটবল, ক্রিকেট খেলার ব্যাড ও জার্সি বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন পরিষদের সচিব শামীম রেজা, সদর ইউপি সদস্য শামসুল হক, হাসান আলী, কামরুল ইসলাম, নুরুল ইসলাম, মতিয়ার সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, ক্লাবের সদস্য ও গণ্যমান্য ব্যক্তিবর্গ।

কুষ্টিয়া মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন সেমিনারে বক্তারা

কুষ্টিয়ায় মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন প্রকল্প (পিএসই) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও ভবিষ্যত কর্মপন্থা নির্ধারন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১১ টায় কুষ্টিয়া জেলা শিল্প কলা একাডেমির হলরুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

ফেয়ার এর আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউণ্ডেশন (বিএফএফ) এর সহযোগীতায় এ সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা শিক্ষা অফিসার রমজান আলী আকন্দ।

ফেয়ার এর চেয়ারম্যান আ্যাড. মন্জুরী বেগমের সভাপতিত্বে এবং ফেয়ারের পরিচালক দেওয়ান আক্তারুজ্জামানের পরিচালনায় সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার একরামুল হক সরকার, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক আমিরুল ইসলাম, কুষ্টিয়া জেলা শিক্ষক সমিতির সভাপতি ও

কলকাকলি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জেব-উন-নেসা সবুজ। সেমিনারে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রকল্পের বিস্তারিত আলোকপাত করেন প্রকল্প কর্মকর্তা খুরশীদ আহমেদ শাওন।

সেমিনারে অভিজ্ঞতা শেয়ার করেন, লক্ষীপুর হাসানবাগ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুল আলম, আড়ুয়াপাড়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উম্মে হাবিবা শান্তা, ঝাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস, নাট্যকর্মী আনোয়ার বাবু, সাংবাদিক হাসান আলী, সাংবাদিক হাসান জাহিদ, মনোয়ার আজমত আলী কলেজের সহকারী অধ্যাপক জামিরুল ইসলাম, সংগঠক হাফিজ সরকার, কুষ্টিয়া কালেক্টরেট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক মৃণাল কান্তি সাহা, আফসার উদ্দিন বালিকা মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা রেজাউল করিম, খাতের আলী কলেজের প্রভাষক শফিকুল ইসলাম প্রমুখ।

সেমিনারে বক্তারা বলেন, আমরা সকালে ঘুম থেকে উঠে আবার রাতে ঘুমাতে যাওয়া পর্যন্ত বিজ্ঞানের সাথে আছি। বিজ্ঞান আমাদের কাজকে সহজ করে দিয়েছে। দূরকে নিকটে এনে দিয়েছে। বিজ্ঞান ছাড়া এখন কোন কিছু চিন্তাই করা যায় না। বিজ্ঞান ছাড়া জীবন এখন অচল। মেধার সাথে বিজ্ঞানের সমন্বয় ঘটালে অসম্ভবকে উৎরানো সম্ভব।

বিজ্ঞান ছাড়া মানুয়ের বাঁচার সুযোগ নেই উল্লেখ করে বক্তারা আরও বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় সমন্বিত পরিকল্পনার মাধ্যমে দেশীয়ভাবে প্রযুক্তির বিকাশ ঘটাতে হবে। অন্য দেশের ওপর নির্ভর করে টেকসই উন্নয়ন সম্ভব নয়। জীবনের জন্য ও চলার জন্য বিজ্ঞান সবসময় প্রয়োজন। তথ্য প্রযুক্তি ও বিজ্ঞানে এগিয়ে যেতে পারলে আমরা হব অন্যান্য দেশের কাছে রোল মডেল বলেও উল্লেখ করেন তারা।

সেমিনারে জেলার বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সামাজেক ও স্বচ্ছাসেবী সংগঠনের প্রধানসহ সাংবাদিক ও এনজিও প্রতিনিধি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে, মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ভীতি দূর করার লক্ষ্যে বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় ফেয়ার কুষ্টিয়া সদর উপজেলার ৩০ টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়ন করছে মাধ্যমিক বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষার উন্নয়ন (পিএসই) প্রকল্প।